



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট।

Web-www.sylhetboard.gov.bd

স্মারক নংঃ সিশিবো/কঃ শাঃ/ভঃ বিঃ/২০১৬/২৬০

তারিখঃ ১৯-০৭-২০১৬ খ্রিঃ।

২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে উন্মুক্তভাবে (Manual) ভর্তির তথ্য ডাটাবেজে সংযোজন সংক্রান্ত

সংশ্লিষ্ট সকলের অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে জানানো যাচ্ছে যে, ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তির জন্য যে সকল শিক্ষার্থী অনলাইন/SMS এর মাধ্যমে আবেদন করেনি অথবা আবেদন করেও অদ্যাবধি যে কোন কারণে ভর্তি হয়নি তাদেরকে ২০-০৭-২০১৬ খ্রিঃ তারিখ পর্যন্ত কলেজের আসন শূন্য এবং পূর্বে প্রেরিত নূন্যতম GPA থাকা সাপেক্ষে বিলম্ব ফিসহ ভর্তি করা যাবে। এ প্রক্রিয়ায় (১৩-০৭-২০১৬ থেকে ২০-০৭-২০১৬ পর্যন্ত) ভর্তিকৃত শিক্ষার্থীদের তথ্য আগামী ২৫-০৭-২০১৬ খ্রিঃ তারিখের মধ্যে অবশ্যই অনলাইনে সংযোজন করতে হবে।

উল্লেখ্য যে, বিভিন্ন ধাপে প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানে আসনের বিপরীতে ভর্তিকৃত মোট শিক্ষার্থীদের তথ্যের ভিত্তিতেই রেজিস্ট্রেশন প্রক্রিয়া সম্পন্ন করা হবে।

নিম্নলিখিত পদ্ধতিতে ১৩-০৭-২০১৬ খ্রিঃ তারিখে পর ভর্তিকৃত শিক্ষার্থীদের ভর্তির তথ্য এন্ট্রি ও নিশ্চায়ন করতে হবে;

১. www.xiclassadmission.gov.bd এই ওয়েবসাইটের Manual Admission Link-এ Click করতে হবে;

২. অতঃপর শিক্ষা প্রতিষ্ঠানের EHN ও Password দিতে হবে;

৩. বামের মেনুতে Manual Admission Button এ Click করতে হবে;

৪. Manual Admission Form-এ ভর্তিকৃত শিক্ষার্থীর নিম্নলিখিত তথ্য দিতে হবে;

Roll Number, Board, Passing Year and Registration Number.

৫. শিক্ষার্থীর ভর্তির জন্য শিক্ষা প্রতিষ্ঠানের নিম্নলিখিত তথ্য দিতে হবে;

Shift, Version, Gorup সিলেক্ট করে Add College Button-এ Click করতে হবে;

৬. College Add হলে Preview button-এ Click করে তথ্য সঠিক হলে Submit Application Button-এ Click করতে হবে;

৭. কোন শিক্ষার্থীর এন্ট্রি/নিশ্চায়ন সমাপ্ত হলে Screen-এ নিম্নলিখিত নিশ্চিতকরণ বাক্য দেখা যাবে- “Admission has been successfully completed.”

বিঃ দ্রঃ যেহেতু সরাসরি ভর্তিকৃত শিক্ষার্থীদের তথ্য অনলাইনে নিশ্চায়ন করতে হবে, তাই অত্র শিক্ষা বোর্ডের স্মারক নংঃ সিশিবো/কঃ শাঃ/ভঃ বিঃ/২০১৬/২৫১, তারিখঃ ১৩-০৭-২০১৬ খ্রিঃ এ উল্লিখিত ছক মোতাবেক ভর্তিকৃত শিক্ষার্থীদের তথ্য বোর্ডে প্রেরণের কোনো প্রয়োজন নেই।


(মোঃ মোস্তফা কামাল আহমদ)

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
সিলেট।